দামুড়হুদায় নবাগত ইউএনও’র সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নবাগত সদ্য দায়িত্বপ্রাপ্ত, তরুণ ও উদ্যমী প্রশাসনিক কর্মকর্তা ওবায়দুর রহমান সাহেল কে স্বাগত জানিয়ে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা সাড়ে ৪টায় উপজেলা পরিষদের সভা কক্ষে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। প্রথমবারের মতো ইউএনও হিসেবে দায়িত্ব পেলেও তিনি এর আগে সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্যায়ে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

সভায় উপজেলার সর্বত্র বিরাজমান নানা সমস্যা, সম্ভাবনা ও উন্নয়নচিত্র তুলে ধরেন সাংবাদিকরা। বিশেষ করে মাদক ও চোরাচালান নিয়ন্ত্রণ, গণতান্ত্রিক ও শান্তিপূর্ণ নির্বাচন প্রক্রিয়া নিশ্চিতকরণ, দামুড়হুদা বাস স্ট্যান্ড এলাকায় দীর্ঘদিনের যানজট সমস্যা, প্রধান সড়কের পাশে যত্রতত্র আবর্জনার স্তুপ (বিশেষত ডুগডুগি হাসপাতালের সামনে ও দর্শনা রেলগেট এলাকায়), কার্পাসডাঙ্গায় সহ উপজেলায় কমপক্ষে ২-৩ টি উপযুক্ত স্থানে ধানের হাট স্থাপন এবং উন্নয়নমূলক কাজের তথ্য সাধারণ মানুষের কাছে পৌঁছানো, এসব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সাংবাদিকরা বলেন, বিভিন্ন দপ্তরের উন্নয়ন কর্মকাণ্ডের তথ্য সাধারণ মানুষ জানতে না পারায় অনেক ইতিবাচক কাজ আড়ালেই রয়ে যায়। এ ক্ষেত্রে উপজেলা প্রশাসনের নিয়মিত তথ্য সহযোগিতা প্রয়োজন বলে মত দেন তারা।

সভায় ইউএনও উবায়দুর রহমান সাহেল বলেন, আমার দায়িত্বের প্রথম দিন থেকেই আমি চাই আপনাদের সাথে নিয়ে কাজ করতে। পরিবারে মূল্যবোধ না থাকলে সমাজের শৃঙ্খলা আসবেনা, এই মূল্যবোধকে ধরে রেখে কাজ করতে হবে। স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, সার, প্রাণী সম্পদ, সমাজসেবা, এসব বিষয়ে আপনাদের মাধ্যমে যেসব গুরুত্বপূর্ণ বিষয় উঠে এসেছে সেগুলো নিয়ে আমি কাজ করব।

তিনি আরও বলেন, আপনারা সাংবাদিকরা সমাজের দর্পণ, আপনাদের মাধ্যমে আমি এই উপজেলার প্রকৃত চিত্র জানতে পারলাম। সমস্যার পাশাপাশি

এখানে অসীম সম্ভাবনা রয়েছে, সেই সম্ভাবনাগুলোকে বাস্তবে রূপ দিতে কাজ করবো। সরকারের নির্দেশনার ভেতরে থেকে যতটুকু করা সম্ভব আমি আন্তরিকভাবে করব। আমি কাজ করলে আপনারা আমাকে মনে রাখবেন। আগামী ১৬ই ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের প্রস্তুতি নিয়েও আলোচনা হয়।

নির্বাচনকে সামনে রেখে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সবার সহযোগিতা কামনা করে ইউএনও আরও বলেন আমার বদলি মূলত নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবে। নির্বাচনের আগে ও পরে যেন সুষ্ঠু পরিবেশ থাকে, এটা নিশ্চিত করতে চাই।

দামুড়হুদা উপজেলার সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় নবাগত ইউএনও উবায়দুর রহমান সাহেল এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, নির্বাহী সদস্য তাছির আহাম্মেদ, হাবিবুর রহমান হবি, আরিফুল ইসলাম মিলন। এ সময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাব সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক শাহজালাল বাবু, সহসভাপতি মোজাম্মেল শিশির। প্রেসক্লাব সদস্য শেখ হাতেম, জহিরুল ইসলাম, হেলাল উদ্দিন।

আরো উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন, সাংবাদিক কামরুজ্জামান যুদ্ধ প্রমূখ।

দামুড়হুদা মডেল থানায় নবাগত ওসি শেখ মেসবাহ উদ্দিনের যোগদান

দামুড়হুদা মডেল থানায় নতুন অফিসার ইনচার্জ (ওসি) হিসেবে যোগদান করেছেন শেখ মেসবাহ উদ্দিন। তিনি মেহেরপুর থানা থেকে বদলি হয়ে গতকাল সোমবার বিকালে আনুষ্ঠানিকভাবে দামুড়হুদা মডেল থানার

দায়িত্ব গ্রহণ করেন। যোগদানের মুহূর্তে থানার অফিসার ফোর্সদের পক্ষ থেকে তাকে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

দায়িত্ব গ্রহণের পর শেখ মেসবাহ্ উদ্দিন থানার বিভিন্ন শাখার কর্মকর্তাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন এবং থানা পরিচালনার নানা দিক পরিদর্শন করেন। থানার কর্মকর্তারা নতুন ওসির প্রতি আন্তরিকতা ও সহযোগিতার আশ্বাস দেন। তারা জানান তার নেতৃত্বে থানার সার্বিক কার্যক্রম আরও দ্রুত ও জনবান্ধব হবে বলে আশা করেন।

নতুন ওসির যোগদানে থানার পরিবেশে নতুন কর্মউদ্দীপনা লক্ষ্য করা গেছে। এলাকাবাসীর পক্ষ থেকেও তাকে শুভেচ্ছা ও প্রত্যাশার কথা জানানো হচ্ছে।

দায়িত্ব গ্রহণ শেষে দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন সকলের সহযোগিতা নিয়ে দামুড়হুদাকে আরও নিরাপদ ও সেবামুখী থানায় রূপান্তরের অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি বলেন, দামুড়হুদার আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও সুদৃঢ় করতে পুলিশ বাহিনীর পাশাপাশি সাধারণ মানুষের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার ওসি (অপারেশন) হিমেল রানা, থানার সেকেন্ড অফিসার এসআই মেহেদী হাসান, এসআই শিহাবসহ কর্মকর্তা ও ফোর্সবৃন্দ।

চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসকের সাথে আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের মতবিনিময়

চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসকের সাথে আলমডাঙ্গা উপজেলার সকল দপ্তরের কর্মকর্তাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৩টার সময় আলমডাঙ্গা উপজেলা পরিষদের হলরুমে আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা

ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) আশিষ কুমার বসু।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন।

প্রধান অতিথি বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন আমাদের জন্য একটি চ্যালেঞ্জের নির্বাচন। আপনারা যারা দায়িত্ব পালন করবেন তাদের উদ্দেশ্যে বলছি এই নির্বাচন অবশ্যই সুষ্ঠু, সুন্দর এবং জনগণের অংশগ্রহণমূলক নির্বাচন হতে হবে। এমন নির্বাচন হতে হবে, যা দেখে সবাই প্রশংসা করবে। বিশেষ করে অতীতে যারা সুষ্ঠু নির্বাচন করতে ব্যর্থ হয়েছেন তারাও, এবং আগামী ৫ বছর পর যেই ক্ষমতায় আসুক না কেন, তাদেরও ভাবতে হবে নির্বাচন সুষ্ঠু না হলে সাধারণ মানুষ আমাদের ছেড়ে দেবে না।

বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শারমিন আক্তার, ওসি মাসুদুর রহমান পিপিএম, উপজেলা কৃষি কর্মকর্তা পলাশ কুমার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মাহমুদুল হক, উপজেলা শিক্ষা কর্মকর্তা আলাউদ্দিন আহমেদ, সোনালী ব্যাংকের ম্যানেজার আনিসুর রহমান, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক, পল্লী উন্নয়ন কর্মকর্তা সেলিম রেজা।

এছাড়াও বক্তব্য রাখেন খাদ্য কর্মকর্তা জিনাত জাহান, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রশান্ত কুমার, পৌরসভার নির্বাহী প্রকৌশলী নুরুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন,

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মাহবুব আলম খান,

আবাসিক প্রকৌশলী সাহিনুর রহমান, পল্লী উন্নয়ন ব্যাংকের ম্যানেজার আনোয়ার হোসেন, অ্যাকাউন্টস অফিসার শহিদুল ইসলাম, সরকারি কলেজের সহকারী অধ্যাপক ড. মাহবুবুর রহমান, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, পৌরসভার নির্বাহী কর্মকর্তা রকিবুল ইসলাম, পরিসংখ্যান কর্মকর্তা মফিজুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা মসজিদের ইমাম মাওলানা মাসুদ কামাল প্রমুখ।

এর আগে জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন আলমডাঙ্গা উপজেলায় পৌঁছালে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

মতবিনিময় সভা শেষে আলমডাঙ্গা ব্যামাগারের সভাপতি ইকবাল হোসেনের নেতৃত্বে জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

উন্নয়ন ও প্রশাসনিক কর্মকাণ্ডে গণমাধ্যমের ভুমিকা গুরত্বপূর্ণ

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির জেলার সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় বলেন, উন্নয়ন ও প্রশাসনিক কর্মকাণ্ডে গণমাধ্যম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

যতদিন এই জেলার জনগণ মনে করবে এই জেলা প্রশাসক জেলার মানুষের উন্নয়নের জন্য, তাদের জীবনযাত্রার মান, তাদের নিরাপত্তা ও একটি সুন্দর জীবন উপহার দেওয়ার কাজ করবে ততদিন পর্যন্ত আমরা কাজ করবো। জেলার মানুষ যদি মনে করে আমরা সেটি করতে ব্যর্থ হচ্ছি, সেক্ষেত্রে অবশ্যই সরকার ব্যবস্থা নেবে।

সকল কাজের নিয়ম-কানুন অবশ্যই অবলম্বন করতে হবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা এনসিওর করতে হবে।

জেলা প্রশাসক বলেন, মেহেরপুরের সবচেয়ে বড় সমস্যা যেগুলি, শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে। ডেফিনেটলি এটা খুবই আশঙ্কার বিষয়। আমরা এই বিষয়ে স্পেশালি কাজ শুরু করব ইনশাল্লাহ। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের যে ভিজিট আমরা করি সেটা বাড়িয়ে দেব এবং শিক্ষা প্রশাসনের সঙ্গে যারা জড়িত রয়েছেন তাদের সঙ্গে আমরা বসে স্পেশাল কোন উদ্যোগ নেওয়া যায় কিনা সেটা আমরা দেখব। তবে এক্ষেত্রে আপনারা সমস্যা দেখিয়েছেন, সেই সঙ্গে সমাধানের যে সঠিক পথ, সেটা বের করতে আমরা আপনাদের হেল্প চাইবো।

আমি অনুসন্ধানী সাংবাদিকতাকে উৎসাহিত একটি দিক মনে করি। এখানে অনেকেই অনুসন্ধানী সাংবাদিকতার সঙ্গে রয়েছেন। আপনারা এটা চালিয়ে যাবেন। আমার যদি কোন কাজে আপনারা মনে করেন ভুল-ভ্রান্তি হচ্ছে, আপনারা নিউজ ছাপিয়ে দেবেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সভায় আরো বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, বাংলাভিশনের স্টাফ রিপোর্টার তুহিন অরন্য, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, বাংলাদেশ প্রতিদিন প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, দৈনিক কাল বেলার জেলা প্রতিনিধি রাফি, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, এখন টিভির জেলা প্রতিনিধি মুজাহিদ, বাসস জেলা প্রতিনিধি দিলরুবা প্রমুখ।

সভায় জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে নবাগত জেলা প্রশাসকের মতবিনিময় সভা

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সঙ্গে জেলার কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

প্রশাসনের উদ্যোগে আয়োজিত সভা আজ বুধবার দুপুর সাড়ে ৩টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, মেহেরপুর যেমন আপনাদের, তেমন আমারও। শিক্ষা, চিকিৎসা, কৃষি এবং অনলাইন জুয়ার বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে।

সাংবাদিকরা অনলাইন জুয়া, কৃষিক্ষেত্রে দুর্নীতি, শহরের ভেতর ট্রাক চলাচল, বাল্যবিবাহ, তথ্য প্রাপ্তিতে অসুবিধা, সরকারি হাসপাতাল ও সিভিল সার্জন অফিসের দুর্নীতি, ক্লিনিক ও ল্যাবের স্বেচ্ছাচারিতা, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মানের অবনতি এবং সার নিয়ে অনিয়মের বিষয়ে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

তিনি আরো বলেন, তিনি বলেন, আমি জানি না কতদিন এখানে থাকব, কিন্তু আমি চাই মেহেরপুরের উন্নয়নে সবাই মিলে একসাথে কাজ করতে।

জেলা প্রশাসক জানান, শিক্ষার হার বাড়াতে আগামী তিন থেকে ছয় মাসের মধ্যে মেহেরপুরের শতভাগ মানুষকে অন্তত স্বাক্ষরজ্ঞান সম্পন্ন করার লক্ষ্য নেওয়া হয়েছে। সরকারি হাসপাতালের অনিয়ম রোধে পদক্ষেপ নেওয়া হবে, শহরে দিনের বেলায় ট্রাক চলাচল নিয়ন্ত্রণ করা হবে, কৃষিক্ষেত্রে সার অতিরিক্ত দামে বিক্রি বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে এবং ডিসি ইকোপার্ক, শিল্পকলা একাডেমি ও ক্রীড়া সংস্থার উন্নয়নে কার্যক্রম শুরু হবে।

সভায় আরো বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক মো. তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, কালের কণ্ঠের জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক,দৈনিক কাল বেলার জেলা প্রতিনিধি রাফি, চ্যানেল ২৪ এর জেলা প্রতিনিধি রাশেদুজ্জামান, সময় টিভির জেলা প্রতিনিধি বেন ইয়ামিন মুক্ত, এখন টিভির জেলা প্রতিনিধি মুজাহিদ, বিএসএস এস জেলা প্রতিনিধি দিলরুবা প্রমুখ।

সভায় জেলার বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

গাংনীর নবাগত ইউএনওর সাথে সাংবাদিকদের পরিচিতি সভা

মেহেরপুরের গাংনী উপজেলার নবনিযুক্ত উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) সঙ্গে সাংবাদিকদের পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেল ৪টায় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করে উপজেলা প্রশাসন। গত ১৫ মে ২০২৫ তারিখে গাংনী উপজেলার ইউএনও হিসেবে দায়িত্ব গ্রহণ করেন মো. আনোয়ার হোসেন।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সাদ্দাম হোসেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. ইমরান হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. মুনসুর রহমান, এলজিইডি প্রকৌশলী মো. ফয়সাল হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোতালেব আলী, জনস্বাস্থ্য প্রকৌশলী মো. মাহফুজুর রহমান এবং পৌরসভা প্রকৌশলী মো. শামীম রেজা।

সভায় সাংবাদিকরা গাংনীর সার্বিক উন্নয়ন, প্রতিবন্ধকতা ও বিভিন্ন সমস্যা তুলে ধরেন।

উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, “আমি এখন গাংনীর মানুষ। গাংনীবাসীর প্রত্যাশা নিয়ে তাদের সেবা করতে চাই। আমি চাই না আমার ভালো কাজের প্রশংসা করা হোক, বরং অনুরোধ করব সমালোচনা করতে যাতে আমি ভুল শোধরাতে পারি এবং সঠিকভাবে কাজ করতে পারি। আমার কর্মকাণ্ডে সাংবাদিকদের সহযোগিতা প্রত্যাশা করি।”

হরিণাকুণ্ডুতে নবাগত সহকারী

কমিশনার (ভূমি) এর যোগদান

ঝিনাইদহ জেলা হরিণাকুণ্ডু উপজেলাতে ঈষিতা আক্তার সহকারী কমিশনার(ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট হিসাবে যোগদান করলেন।

গত মঙ্গলবার হরিণাকুণ্ডু উপজেলা নির্বাহী অফিসার মোঃ আক্তার হোসেন ফুলের তোড়া দিয়ে নবাগত সহকারী কমিশনার (ভূমি) কে বরণ করে নেন। তিনি ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয় থেকে এসে হরিণাকুণ্ডু উপজেলাতে যোগদান করলেন। এর আাগে তিনি খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয় থেকে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে যোগদান করেন।

নবাগত সহকারী কমিশনার(ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ঈষিতা আক্তার ২০১৮ সালের ৩ সেপ্টেম্বর চাকুরীতে যোগদান করেন। তিনি ভূমি সেবা নিশ্চিতে ও আইনের শ্বাসন প্রতিষ্ঠায় উপজেলাবাসীর ঐকান্তিক সহযোগিতা কামনা করেছেন।

চুয়াডাঙ্গায় নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা

চুয়াডাঙ্গায় নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হলেন ড. কিসিঞ্জার চাকমা। চুয়াডাঙ্গায় নতুন জেলা প্রশাসক হিসেবে নিয়োগ পেয়েছেন তিনি। এর আগে তিনি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপসচিব ছিলেন।

রাস্ট্রপতির আদেশক্রমে উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত প্রজ্ঞাপনে সোমবার এই আদেশ প্রদান করা হয়েছে।

এছাড়া মেহেরপুর, শেরপুর, জামালপুর, মুন্সীগঞ্জ, রংপুর, মানিকগঞ্জ, ও নারায়নগঞ্জ জেলা প্রশাসককে বদলি করা হয়েছে।